



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সহকারী প্রোগ্রামার
www.dpe.gov.bd
সেকশন-২মিরপুর, ঢাকা-১২১৬



জরুরি

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.৪৫.০০১.২০.১৭

তারিখ: ১৮ অগ্রহাষণ ১৪২৭

০৩ ডিসেম্বর ২০২০

বিষয়: ই-প্রাইমারি স্কুল সিস্টেমের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভূমি ও ভৌত অবকাঠামো সংক্রান্ত তথ্য এবং শিক্ষক তথ্য হালনাগাদকরণ ও অনলাইনে এন্ট্রি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ২৪ নভেম্বর ২০২০ তারিখের পত্র নং 38.01.0000.900.16.369.17/345

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের মাধ্যমে গত ৩০ নভেম্বর ২০২০ এর ই-প্রাইমারি সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে সকল পুরাতন সরকারি, সদ্য জাতীয়করণকৃত ও পরীক্ষণ বিদ্যালয়ের যাবতীয় তথ্যাবলী (স্কুলের মৌলিক তথ্য, ভূমি, ভবন, কক্ষ, আসবাবপত্র, নিরাপদ পানির ব্যবস্থা, টয়লেট সুবিধা, আইসিটি শিক্ষক ও অন্যান্য সুবিধাদির তথ্য) ও শিক্ষকদের ব্যক্তিগত সকল তথ্য এবং ২০২০ সনের শিক্ষার্থীর সংখ্যা এন্ট্রির নির্দেশনা ছিল। কিন্তু অদ্যাবধি কিছু কিছু বিদ্যালয় বর্ণিত তথ্যসমূহ হালফিল করে নাই। কোন কোন শিক্ষকের তথ্য একাধিক বিদ্যালয়ে এন্ট্রি করা রয়েছে। কোন কোন শিক্ষক বদলী হলেও সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিস, জেলা প্রাথমিক শিক্ষা অফিস বা বিভাগীয় অফিসের মাধ্যমে সিস্টেমে ডাটা আপডেট (হালনাগাদ) করেন নাই। বিষয়টি অনভিপ্রেত ও গ্রহণযোগ্য নয়। আগামী ৭ কর্মদিবসের মধ্যে সকল এন্ট্রি / আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, শিক্ষক বদলীর আবেদন প্রক্রিয়া ২০২১ সন হতে অনলাইনে নিষ্পন্নকরণ করা হবে বিধায় ই-প্রাইমারি স্কুল সিস্টেমে সকল বিদ্যালয়ের অনুমোদিত পদ ও কর্মরত শিক্ষক তথ্য হালফিল না থাকলে শিক্ষকগণ বদলী আবেদন করতে পারবেন না এবং কোন প্রশিক্ষণে অংশগ্রহণও করতে পারবেন না। ই-মনিটরিং কার্যক্রমে উক্ত শিক্ষকের তথ্য প্রদর্শিতও হবে না।

৩। ইতিমধ্যে শিক্ষকগণের বেতন EFT (ইএফটি) এর মাধ্যমে প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শিক্ষকগণের আইবাস সিস্টেমে প্রদত্ত মোবাইল নম্বর এবং ই-প্রাইমারি স্কুল সিস্টেমে প্রদত্ত মোবাইল নম্বর একই হওয়া বাঞ্ছনীয়। সূত্রাং সকলকে ই-প্রাইমারি স্কুল সিস্টেমে আইবাসে প্রদত্ত মোবাইল নম্বরটি এন্ট্রি / আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

৪। ই-প্রাইমারি স্কুল বর্তমান বিদ্যালয়ে যোগাদানের তারিখ যুক্ত করা হয়েছে, যা অনলাইন বদলীর জন্য প্রয়োজন। সকলকে বর্তমান বিদ্যালয়ে যোগাদানের তারিখটিও এন্ট্রি / আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

৫। বিষয়টি অতীব জরুরী।

৪-১২-২০২০

মোঃ বদিয়ার রহমান
পরিচালক (আইএমডি)

উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৯০০.৪৫.০০১.২০.১৭/১(৬৬)

তারিখ: ১৮ অগ্রহাষণ ১৪২৭

০৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

৪-১২-২০২০

মোঃ বদিয়ার রহমান
পরিচালক (আইএমডি)